‘‘আচ্ছা তোমরা বল তো, যদি কারোর বাড়ির দরজার সামনে একটি নদী থাকে, যাতে সে প্রতিদিন পাঁচবার করে গোসল করে, তাহলে তার শরীরে কোন ময়লা অবশিষ্ট থাকবে কি?’’

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু
‘আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছেন: ‘‘আচ্ছা তোমরা বল তো, যদি কারোর বাড়ির দরজার সামনে একটি নদী থাকে, যাতে সে প্রতিদিন পাঁচবার করে গোসল করে, তাহলে তার শরীরে কোন ময়লা অবশিষ্ট থাকবে কি?’’ সাহাবীরা বললেন, ‘না, কোন ময়লা অবশিষ্ট থাকবে না।’ তিনি
বললেন, ‘‘পাঁচ ওয়াক্ত সালাতের উদাহরণও সেরূপ। এর দ্বারা আল্লাহ পাপরাশি নিশ্চিহ্ন
করে দেন।’’
[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়া সাল্লাম দিনেরাতে পাঁচ ওয়াক্ত সালাত আদায়কে, যা ব্যক্তির সগীরাহ গুনাহসমূহের কাফফারা হয় এবং তা মুছে যায়, তার বাড়ির দরজার সামনে একটি নদীর সাথে তুলনা করেছেন, যেখানে সে প্রতিদিন পাঁচবার করে গোসল করে, ফলে তার শরীরে কোন ময়লা ও দুর্গন্ধ অবশিষ্ট থাকে না।

https://sunnah.global/hadeeth/bn/show/4968